গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২১.২২.০০১.২৬. ১৪৬১

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

## 'অফিস আদেশ'

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আউটসোর্সিং এর মাধ্যমে স্টেট সার্ভিসেস লিমিটেড হতে নিয়োগপ্রাপ্ত নিম্নোক্ত কর্মচারীর সংযুক্তাদেশ প্রত্যাহার করে তার নামের পার্শ্বে উল্লিখিত দপ্তরে পদায়ন করা হলো।

| ক্র: নং | কর্মচারীর নাম ও পদবি | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মোঃ আব্দুল হাই লাবু সহকারী বাবুর্চি | রংপুর | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর। সংযুক্ত: কারা অধিদপ্তর, ঢাকা। | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর | সংযুক্তাদেশ প্রত্যাহার । |

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন নং৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২১.২২.০০১.২৬. ১৪৬১

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণঃ

১. কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ-২, কাশিমপুর, গাজীপুর।
২. সিনিয়র জেল সুপার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর।
সংশ্লিষ্ট কর্মচারীর যোগদানের তারিখ যথাসময়ে কারা অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, স্টেট সার্ভিসেস লিমিটেড, সিটি হার্ট কমপ্লেক্স (১৪ তলা), ৬৭, নয়া পল্টন, ঢাকা-১০০০।
৫. প্রশাসনিক কর্মকর্তা-১, বাজেট অফিসার, ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। কারা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (সকল) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৮. জনাব মোঃ আব্দুল হাই লাবু, সহকারী বাবুর্চি, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর সংযুক্ত: কারা অধিদপ্তর, ঢাকা।
৯. গার্ড ফাইল।

আবুল বাশার
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন -৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

State Services Limited.
Head Office : 67, Naya Paltan, (City Heart, 13th Floor Suite No 14/6-B) Dhaka-1000
Branch Office : 39/1, Khaddar Bazar Shopping Complex (6th Floor), Dhaka-1000, Bangladesh
Phone : 02-9568166, 01711-332222, 01714-933932, 01841-905507, 01814-703187, 01766-784670

Ref: স্টেট/নিয়োগ/-০০১৯৭/০৩/২০২৬

Date: ২৭/০৫/২০২৬

আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের নিয়োগ পত্র

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা এবং স্টেট সার্ভিসেস লিঃ এর সাথে জনবল সরবরাহের চুক্তি মোতাবেক আপনার আবেদনের প্রেক্ষিতে কোম্পানীর পরিচালনা পর্যদের ৬৮ তম সভায় আপনার দাখিলকৃত কোম্পানীর নিবন্ধিত ফরমে জীবন বৃত্তান্ত ও প্রয়োজনীয় তথ্যাদি বিবেচিত হওয়ায় আপনাকে নিম্ন লিখিত শর্ত মোতাবেক নিম্নে উল্লেখিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ/সরবরাহ করা হল।

| ক্রঃ নং | প্রার্থীর নাম | পিতার নাম/মাতার নাম | ঠিকানা | পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | বিপ্লব হাসান | আবুল হাসেম<br>পারুল আক্তার | গ্রাম: কিংবাজেহোড়া, পো: ময়নামতি বাজার, থানা: বুড়িচং, জেলা: কুমিল্লা। | বাবুর্চি<br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২<br>(সংযুক্ত কারা অধিদপ্তর) |

১। কারা অধিদপ্তর কর্তৃক আউটসোর্সিং নিতীমালা অনযায়ী নির্ধারিত বেতন/ভাতা প্রদান করবে। যতদিন এর হাজিরা শিট পাওয়া যাবে ততদিনের বিল প্রদান করবে।

২। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ সংক্রান্ত সময়ে সরকারী, আইন, নীতিমালা, নির্দেশনা ইত্যাদি মেনে চলতে হবে:

৩। উত্তম ও নৈতিক চরিত্রের অধিকারী হতে হবে এবং কর্মক্ষেত্রে পরিস্কার পরিছন্ন থাকতে হবে, কর্মস্থলে কর্মকর্তাদের সাথে অসদাচারন, শৃঙ্খলা ভঙ্গ কিংবা কোন প্রকার চুরির অভিযোগ প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। কাজের মান সন্তোষজনক নাহলে ও আচরনগত যে কোন কারনে যে কোন সময় কারন দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে।

৫। আপনাকে আগামী ০১-০৭-২০২৬ইং তারিখ মধ্যে যোগদান করতে হবে। দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা সরকারী ছুটির দিনে দায়িত্ব পালন করতে হবে। এজন্য কোন অতিরিক্ত ভাতা প্রদান করা হবেনা।

৬। এ নিয়োগপত্র আপনার চাকুরী নিয়মিত করনের বা স্থায়ী করনের কোন নিশ্চয়তা দেয় না। যেহেতু স্টেট সার্ভিসেস লিঃ এর সহিত কারা অধিদপ্তরের সাথে আউটসোর্সিং নিতীমালা অনুযায়ী ইহা সমপূর্ন অস্থায়ী এবং একটি নিদিস্ট মেয়াদী চুক্তি অনুযায়ী পরিচালনা হয়ে আসছে। তাই চাকুরী স্থায়ী করনের জন্য কোন সভা সমাবেশ করলে তাহাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরী হতে অব্যহতি প্রদান করা হবে।

৭। উক্ত চাকুরীর মেয়াদ যোগদানের তারিখ হতে কারা অধিদপ্তর এর সাথে চুক্তি কালীন সময় পযন্ত বহাল থাকবে, পরবর্তীতে চুক্তির মেয়াদ যদি কারা অধিদপ্তর কর্তৃপক্ষ বৃদ্ধি করে তাহলে চাকুরীর মেয়াদ বৃদ্ধি পেতে পারে। তবে কারা অধিদপ্তর কতপক্ষ ইচ্ছে করলে এবং কাজের মান সন্তোষজনক না হলে যেকোন মুহূর্তে চাকুরী হতে অব্যহতি প্রদান করতে পারবে।

৮। আপনার কর্তৃক কোন ধরনের শৃংখলাবিরোধী কার্যক্রমের দায়িত্ব সম্পূর্ন নিজেকে বহন করতে হবে।

ধন্যবাদান্তে

মোঃ মিজানুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
স্টেট সার্ভিসেস লিঃ
Md. Mizanur Rahman
Managing Director
State Services Ltd.

অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার উপর আরোপিত দায়িত্ব সঠিকভাবে পালন করিব এবং উপরোল্লিখিত ০৮ (আট) টি শর্তের সকল নির্দেশ যথাযথভাবে পালন করিব। আমার অবহেলার কারনে যদি দায়িত্বে নিয়োজিত দপ্তরের কোন প্রকার ক্ষতি/খোয়া গেলে তাহার জন্য আমি দায়ী থাকিব এবং ক্ষতিপুরন দিতে বাধ্য থাকিব। দায়িত্ব পালনরত অবস্থায় কোন প্রকার দুর্ঘটনা কবলিত হইলে স্টেট সার্ভিসেস লিঃ তাহার জন্য দায়ী থাকিবে না। আমার কর্মকালীন সময়ে যে কোন কারনে কাজে যোগদান হতে বিরত/অব্যাহতি প্রদান করা হলে কোনরুপ আইনের আশ্রয় গ্রহণ করিতে পারিবো না। উক্ত অঙ্গীকারনামা পড়িয়া, বুঝিয়া, অন্যের বিনা প্ররোচনায় নিজ নাম স্বাক্ষর করিলাম এবং উপরে উল্লেখিত জীবন-বৃত্তান্তে সঠিক তথ্য দেওয়া হয়েছে বলিয়া অঙ্গীকার করিলাম এবং আমি আরো অঙ্গীকার করিতেছি যে, উক্ত প্রতিষ্ঠানের সহিত চাকুরী বাবদ আমি বা আমার পরিবার কোন প্রকার আর্থিক লেনদেন করিনি। পরবর্তীতে এ সংক্রান্ত কোন কথা উঠলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে পারবে মর্মে আমি বিপ্লব হাসান অঙ্গীকার করে নিয়ে স্বাক্ষর করলাম।

বিপ্লব হাসান
প্রার্থীর স্বাক্ষরঃ

প্রত্যয়ন করা হলো

মোঃ মিজানুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
স্টেট সার্ভিসেস লিঃ
Md. Mizanur Rahman
Managing Director
State Services Ltd.